

# আপনি কতটা ভ্রমণপ্রিয়

ভ্রমণের আনন্দকে আর কোনো কিছুর সঙ্গেই তুলনা করা যায় না। ভ্রমণের নির্মল আনন্দের জন্য মানুষ ছুটে যায় দুনিয়ার এক প্রান্ত থেকে অন্য প্রান্তে। ভ্রমণেই সুখ পায় মানুষ। তবে এর ব্যতিক্রমও রয়েছে। প্রচলিত ভ্রমণভীতি কাজ করে অনেকের মধ্যে। এবারের মনস্তাত্ত্বিক কুইজের প্রশ্নগুলো ঝটপট উত্তর মিলিয়ে জেনে নিন— ভ্রমণপ্রীতি নাকি ভ্রমণভীতি কোনটি বেশি কাজ করে আপনার মধ্যে?

ক্ষেত্রে আপনি কোথায় থাকবেন?

- ক. ডেকের ওপরে  
খ. আপনার কেবিনে  
গ. লাউঞ্জে

৬। বিমান ভ্রমণে আপনি—

- ক. অস্বস্তি বোধ করেন, সিটের সঙ্গে নিজেকে সঁটে রাখেন  
খ. আনন্দ এবং আরামবোধ করেন

গ. অতি আগ্রহে ককপিটে যাবার জন্য হাঁটাইটি করেন

৭। যদি জ্বলভার্নের সেই কল্লকাহিনীর মতো বেলুন ভ্রমণের সুযোগ পান তাহলে আপনি—

ক. আগ্রহী, তবে আবহাওয়ার ওপর বিষয়টি নির্ভর করছে

খ. আগ্রহী, যদি বাতাস এবং গতি ভালো থাকে তাহলে আপত্তি নেই

গ. বেলুন! কোনো আগ্রহ নেই

৮। এক ছুটির দিনে দু'ঘন্টা হাতির পিঠে চড়ার সুযোগ পেয়ে গেলেন। তখন আপনি—

- ক. সুযোগটা হাতছাড়া করবেন না  
খ. ভাল; তবে কিছু শর্ত আছে  
গ. ইচ্ছে নেই

৯। বিদেশ ভ্রমণে আপনার অভিজ্ঞতা—

- ক. দু'সপ্তাহ বা তার কম  
খ. পুরো এক মাস  
গ. এক বছর বা অধিক

১০. যখন অন্য দেশের ভাষা এবং খাবারের বিষয়টি আসে তখন আপনি—

- ক. আন্তর্জাতিকতায় আপনার আপত্তি নেই  
খ. ঠিক বুঝে উঠতে পারেন না কি করবেন  
গ. এসব বিষয়কে আপনি এড়িয়ে চলতে চান

যোগফল ৭০ থেকে ১০০ হলে : আপনি

প্রচণ্ড ভ্রমণপ্রিয় একজন মানুষ। ভ্রমণ বিষয়ে দারুণ উদ্দাম আর উৎসাহ কাজ করে আপনার মধ্যে। আপনি জীবনকে উপভোগ করতে চান পুরোপুরি। ভ্রমণের জন্য আপনি রীতিমতো ইন্ডিয়ানা জোনসের রীতি অনুসরণ করেন। অজানাকে জানার, অদেখাকে দেখার দারুণ আগ্রহ কাজ করে আপনার মধ্যে; আপনি বেরিয়ে পড়তে চান নতুন নতুন সৌন্দর্য দর্শনে। আপনি ভ্রমণ বিলাসী।

৩৫ থেকে ৬৫ হলে : আপনি ভ্রমণ পছন্দ

করেন। ভ্রমণজনিত ঝামেলাগুলোও আপনার কাছে কোনো ব্যাপার নয়। কিন্তু আপনি আগেই জেনে নিতে চান ভ্রমণের আদ্যোপান্ত কোথায়, কখন, কিসে, কার সঙ্গে প্রভৃতি বিষয়গুলো। ভালোভাবে না জেনে আপনি কোথাও যেতে চান না। আপনিও ভ্রমণপ্রিয়। আপনার ভ্রমণপ্রীতি আগামীতে আরো বাড়বে।

০ থেকে ৩০ হলে : আপনি ভ্রমণপ্রিয় নন।

ভ্রমণ আপনার কাছে দুঃস্বপ্নের মতো। প্রচণ্ড ভ্রমণভীতি রয়েছে আপনার। বাড়িতেই আপনার ভালো লাগে। ভ্রমণজনিত ঝামেলা, যাতায়াত এসব আপনার মোটেও পছন্দ নয়।

ফলাফলে যদি আপনি ভ্রমণপ্রিয় হন তাহলে খুব ভালো, তা না হলে ভ্রমণের অভ্যাস গড়ে তুলুন। ভ্রমণপ্রিয় হয়ে উঠুন।

জব্বার হোসেন



১। আপনার বন্ধু আপনাকে উইকেণ্ডে তার সঙ্গে বেড়াতে যাবার অনুরোধ করলো, তবে তা সাত ঘণ্টার বিমান ভ্রমণ। সেক্ষেত্রে আপনি—

ক. সুযোগটা লুফে নেবেন

খ. তাকে বলবেন দু'ঘণ্টার ভ্রমণ হলে ভালো

গ. আসলে আপনি বাড়ি থেকে ৫/৭ কি.মি'র অধিক দূরবর্তী কোথাও যেতে আগ্রহী নন

২। দীর্ঘ সমুদ্র ভ্রমণের বিষয়টি আপনার কাছে মনে হয়—

ক. বাজে, একেবারেই বিরক্তিকর

খ. বিষয়টি বেশ চমৎকার

গ. দারুণ একটা ব্যাপার, আনন্দদায়ক ও উপভোগ্য

৩। কোন দর্শনে আপনি প্রভাবিত?

ক. ফরচুন ফেভারস দ্যা ব্রেইভ

খ. হোম সুইট হোম

গ. সিওর এন্ড স্টেডি উইলস দ্যা রেইস

৪। দীর্ঘ ভ্রমণের জন্য কোন ধরনের গাড়ি আপনার পছন্দ?

ক. বিলাসবহুল, যাতে আপনি পা সোজা করে দিয়ে অনেকটা শুয়ে যেতে পারেন

খ. চার চাকার এমন একটি গাড়ি যা যেকোনো দুর্গম পথে নিরাপদ ও আরামদায়ক

গ. আরামদায়ক এমন একটি গাড়ি যা দুর্গম পথে যেতে অনেকটা সক্ষম

৫। আপনি সমুদ্র ভ্রমণে বেড়াচ্ছেন, হঠাৎ করেই আবহাওয়া খুব খারাপ হয়ে গেল। সে

## স্কোর পদ্ধতি

	ক	খ	গ
১.	১০	৫	০
২.	০	৫	১০
৩.	১০	০	৫
৪.	০	১০	৫
৫.	১০	০	৫
৬.	০	৫	১০
৭.	৫	১০	০
৮.	১০	৫	০
৯.	০	৫	১০
১০.	১০	৫	০